# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৪৮

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৫৮. দুই পা ধোয়া

باب غَسْلِ الرِّجْلَيْنِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ، حَدَّثَنَا ابْنُ لَهِيعَةَ، عَنْ يَزِيدَ بْنِ عَمْرٍو، عَنْ أَبِي عَبْدِ الرَّحْمَنِ الْحُبُلِيِّ، عَنِ الْمُسْتَوْرِدِ بْنِ شَدَّادٍ، قَالَ رَأَيْتُ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم إِذَا تَوَضَّأَ يَدْلُكُ أَصَابِعَ رِجْلَيْهِ بِخِنْصَرِهِ .

- صحيح

বাংলা

১৪৮। মুসতাওরিদ ইবনু শাদ্দাদ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে অযুর সময় তাঁর কনিষ্ঠ আঙ্গুল দ্বারা পায়ের আঙ্গুলসমূহ খিলাল করতে দেখেছি।[1]

সহীহ।

## English

Narrated Al-Mustawrid ibn Shaddad:

I saw the Messenger of Allah (ﷺ) rubbing his toes with his little finger when he performed ablution.

ফুটনোট

[1] তিরমিযী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ আঙ্গুলসমূহ খিলাল করা, হাঃ ৪০, ইমাম তিরমিযী বলেন, এ হাদীসটি হাসান গরীব। আমরা এটি কেবল ইবনু লাহী'আহ থেকে জেনেছি), ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ আঙ্গুলসমূহ খিলাল করা, হাঃ ৪৪৬), বায়হাক্বী 'সুনানুল কুবরা' (১/৭৬-৭৭), আহমাদ (৪/২২৯)। এর সনদে ইবনু

লাহী‘আহ মুদাল্লিস এবং তিনি এটি আন্ আন্ শব্দে বর্ণনা করেছেন। সেজন্যই ইমাম তিরমিযী স্থির হয়ে বলেন, এতে ইবনু লাহী‘আহ একক হয়ে গেছেন। কিন্তু বিষয়টি তেমন নয়। বরং হাফিয ‘আত-তালখীস’ গ্রন্থে বলেন, (৩৪): তার অনুসরণ করেছেন লাইস ইবনু সা‘দ ও ‘আমর ইবনুল হারিস বায়হাক্বী এবং আবূ বিশর সূত্রে এবং দারাকুতনী গারায়িবু মালিক গ্রন্থে ইবনু ওহাব সূত্রে তিনজন থেকে। ইবনু কাত্তান একে-সহীহ বলেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ মুসতাওরিদ ইবনু শাদ্দাদ (রা.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57466

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন